# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৪৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫০. রুকু থেকে মাথা উত্তোলনের সময় যা বলবে।

باب مَا يَقُولُ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، وَأَبُو مُعَاوِيَةَ وَوَكِيعٌ وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ كُلُّهُمْ عَنِ الأَعْمَشِ، عَنْ عُبَيْدِ بْنِ الْحَسَنِ، سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ أَبِي أَوْفَى، يَقُولُ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ يَقُولُ " سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَوَاتِ وَمِلْءَ الأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَىْءٍ بَعْدُ " . قَالَ أَبُو دَاوُدَ قَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ وَشُعْبَةُ بْنُ الْحَجَّاجِ عَنْ عُبَيْدٍ أَبِي الْحَسَنِ بِهَذَا الْحَدِيثِ لَيْسَ فِيهِ بَعْدَ الرُّكُوعِ . قَالَ سُفْيَانُ لَقِينَا الشَّيْخَ عُبَيْدًا أَبَا الْحَسَنِ بَعْدُ فَلَمْ يَقُلْ فِيهِ بَعْدَ الرُّكُوعِ . قَالَ أَبُو دَاوُدَ وَرَوَاهُ شُعْبَةُ عَنْ أَبِي عِصْمَةَ عَنِ الأَعْمَشِ عَنْ عُبَيْدٍ قَالَ " بَعْدَ الرُّكُوعِ " .

বাংলা

৮৪৬. মুহাম্মাদ ইবনু ঈসা ..... আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রুকূ হতে সোজা হওয়ার পর “সামিআল্লাহু লিমান হামিদাহ আল্লাহুম্মা রব্বানা লাকাল হামদ, মিলউস-সামাওয়াতে ওয়া মিলউল-আরদে ওয়া মিলউ মা শি’তা মিন শায়ইন বা’দু বলতেন। (মুসলিম, আহমদ, তিরমিযী)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ সুফিয়ান ও শোবা, উবায়েদ আবূল হাসান হতে হাদীছটি বর্ণনা করেছেন। তাতে “রুকূর পরে” শব্দটির উল্লেখ নাই। ইমাম সুফিয়ান ছাওরী বলেনঃ আমরা শায়খ উবায়েদ আবূল হাসানের সাথে সাক্ষাৎ করলে তিনি তাতে “রুকূর পরে” শব্দটির উল্লেখ করেন নাই।

ইমাম আবূ দাউদ বলেনঃ শোবা (রহঃ) আবূ ইসমা হতে, তিনি আমাশ হতে, তিনি উবায়েদ হতে এই হাদীছ বর্ণনাকালে “রুকূর পরে” শব্দটি উল্লেখ করেছেন।

## English

Abd Allah b. Abi Awfa said:

When the Messenger of Allah (ﷺ) raised his head after bowing, he said: Allah listens to him who praises Him. O Allah, our lord, to Thee be the praise in the heavens and in all the earth, and all that it please Thee to create afterwards.

Abu Dawud said: Sufyan al-Thawri and Shu’bah b. al-Hajjaj reported on authority of Ubaid b. al-Hasan: There is no mention of the words “after bowing” in this tradition. Sufyan said: we met al-shaikh ‘Ubaid b. al-Hasan; he did not say the words “bowing” in it.

Abu dawud said: Shu’bah narrated this from Abi ‘Ismah, from al-A’mash, on the authority of ‘Ubaid, saying: “after bowing”.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17269

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন